

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৭১

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (کِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ যিনি দীর্ঘায়ূ পান এবং সুন্দর আমল করেন, এমন ব্যক্তি কোন কোন সময় শহীদদের থেকেও উধের্ব উঠে যান

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مَنْ طَالَ عُمْرُهُ وَحَسُنَ عَمَلُهُ قَدْ يَفُوقُ الشَّهِيدَ فِي سَبِيلِ اللَّهِ تبارك وتعالى

আরবী

2971 \_ أَخْبُرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ حُمَيْدِ بْنِ كَاسِبِ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ وَابْنُ أَبِي حَازِمٍ - يَزِيدُ أَحَدُهُمَا عَنْ صَاحِبِهِ - عَنْ يَزِيدَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الْهَادِ عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ طَلْحَةَ بْنِ عُبَيْدِ اللَّهِ قَالَ: قَدِمَ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلُانِ مِنْ بُلَيِّ فَكَانَ طَلْحَة بْنِ عُبَيْدِ اللَّهِ قَالَ: قَدِمَ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلَانِ مِنْ بُلَيِّ فَكَانَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلَانِ مِنْ بُلَيِّ فَكَانَ وَعَاشَ الْأَخْرُ سَنَةً حَتَّى صَامَ رَمَضَانَ ثُمَّ مَاتَ فَرَأَى طَلْحَةُ بْنُ عُبَيْدِ اللَّهِ خَارِجًا خَرَجَ وَعَاشَ الْأَخْرُ اللَّهِ خَارِجًا خَرَجَ وَعَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَلْحَةً أَنْ لَلْكَ النَّبِيَّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَلْحَدُ لَكَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَحَدَّثُوهِ الْحَدِيثَ وَعَجِبُوا فَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ كَانَ أَشَدَّ الرَّجُلَيْنِ اجْتِهَادًا وَاسْتُشْهِدَ فِي سَبِيلِ اللَّهِ وَدَخَلَ هَذَا الْجَنَّةَ قَبْلَهُ! فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصَلَّى الْسَتَةِ؟ ) قَالُوا: نَعَمْ قَالَ: (وأُدرَكَ رَمَضَانَ فَصَامَهُ وَصَلَّى كَذَا فِي الْمَسْجِدِ فِي السَنَةِ؟ ) قَالُوا: نَعَمْ قَالَ: (فَلَمَا بينهما أبعد مما بين السماء والأرض)

الراوي: طَلْحَة بْن عُبَيْدِ اللَّهِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2971 | خلاصة حكم المحدث: صحيح ((التعليق الرغيب)) (1/ 142).



## قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: مَاتَ أَبُو سَلَمَةَ سَنَةَ أَربعٍ وَتِسْعِينَ وَقُتِلَ طَلحةُ سَنَةَ سَتٍّ وَتُلَاثِينَ يَوْمَ الْجَمَلِ.

## বাংলা

২৯৭১. তালহা বিন উবাইদুল্লাহ রাদ্বিয়াল্লাভ্ আনভ্ থেকে বর্ণিত, তিনি বলেন, "বুলাই এলাকার দুইজন লোক রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লামের কাছে আগমন করে। তারা দুইজন এক সাথে ইসলাম গ্রহণ করেন। তাদের দুইজনের মধ্যে একজনের তুলনামূলক বেশি মোজাহাদা ছিল। অধিক মোজাহাদার অধিকারী সাহাবী জিহাদে অংশ গ্রহণ করে শহীদ হয়ে যান। অপরজন আরো এক বছর জীবিত থাকেন। এমনকি তিনি পরের রমযান মাস পান। তারপর তিনি মারা যান।

অতপর তালহা বিন উবাইদুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু স্বপ্নে দেখেন এক ব্যক্তি জান্নাত থেকে বের হয়েছেন, তিনি দুই ব্যক্তির মধ্যে যিনি পরে মারা গিয়েছেন, তাকে জান্নাতে প্রবেশের অনুমতি দেন। তারপর তিনি আবার বের হন এবং যিনি শাহাদাত বরণ করেছেন, তাকে জান্নাতে প্রবেশের অনুমতি দেন। তারপর তিনি তালহা বিন উবাইদুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে ফিরে আসেন এবং বলেন, "আপনি ফিরে যান। কেননা জান্নাতে প্রবেশের সময় আপনার এখনোও আসেনি।"

তারপর তালহা বিন উবাইদুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু সকালে লোকদের সাথে বিষয়টি নিয়ে আলোচনা করেন। বিষয়টি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে পৌঁছে। লোকজন বিষয়টি নিয়ে তাঁর সাথে আলোচনা করেন এবং তারা বিস্ময়বোধ করেন। তারা বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এই দুই ব্যক্তির মাঝে যিনি অধিক মোজাহাদার অধিকারী ছিলেন এবং আল্লাহর রাস্তায় শাহাদাত বরণ করেছেন, তারপরেও তিনি পরে জান্নাতে প্রবেশ করেছেন!"

রাসূল সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়া সাল্লাম বলেন, "এই ব্যক্তি কি তার পরে এক বছর পৃথিবীতে অবস্থান করেননি?" তারা জবাব দিলেন, "জী, হ্যাঁ।"

রাসূল সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়া সাল্লাম বলেন, "এই ব্যক্তি কি রমযানের সিয়াম পাননি এবং এক বছরে মাসজিদে এই এই সালাত আদায় করেনি?" তারা জবাব দিলেন, "জ্বী, হ্যাঁ।"

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "এখনও পর্যন্ত তাদের মাঝে আসমান-জমিনের মাঝের ব্যবধানের চেয়েও বেশি ব্যবধান রয়েছে।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "আবূ সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহু ৯৪ হিজরীতে মারা যান আর তালহা রাদ্বিয়াল্লাহু আনহু ৩৬ হিজরীতে উদ্ধীর যুদ্ধের দিনে শাহাদাত বরণ করেন।"



## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/১৬৩; ইবনু মাজাহ: ৩৯২৫; সুনান বাইহাকী: ৩/৩৭১-৩৭২; সহীহ ইবনু খুযাইমাহ: ৩১০; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৭৪।

হাদীসটির ব্যাপারে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/১৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ তালহা ইবনু উবায়দুল্লাহ্ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন